

## শিক্ষার্থীর হয়ে ক্লাস করবে রোবট

- A Monitor Desk Report

Date: 10 September, 2023



আমার হয়ে যদি অন্য কেউ স্কুলে ক্লাস করে দিতো এমন ভাবনা ছোটবেলায় কমবেশি সবারই ছিল। এবার সেই ভাবনাকে বাস্তবে রূপ দিতে যাচ্ছে জাপানের একটি শহর। দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় কুমামোতো শহরের স্কুলে অনুপস্থিত শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে কার্যত উপস্থিত দেখাতে রোবট ব্যবহারের পরিকল্পনা করছে। এই রোবট ওই অনুপস্থিত শিক্ষার্থীর প্রতিনিধি হিসেবে বিবেচিত হবে।

জাপানের এই শহরে বিষণ্ণতা ও অপদস্থ করার কারণে স্কুল পালানো শিক্ষার্থীর সংখ্যা ক্রমে বাড়ছে। এ কারণে শহর কর্তৃপক্ষ স্কুলে অনুপস্থিত শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে ভার্চুয়ালি উপস্থিত রাখতে প্রতিনিধি হিসেবে রোবট ব্যবহারের পরিকল্পনা করছে।

আগামী নভেম্বরেই কুমামোতো শহরের স্কুলগুলোর শ্রেণিকক্ষে এই রোবট ব্যবহার শুরু হওয়ার কথা। মাইক্রোফোন, স্পিকার ও ক্যামেরায়ুক্ত এসব রোবট দ্বিমুখী যোগাযোগ করবে।

কুমামোতো মিউনিসিপ্যাল বোর্ড অব এডুকেশন বলেছে, এ ধরনের উদ্যোগ দেশে বিরল। এর উদ্দেশ্য হলো অনুপস্থিত শিক্ষার্থীদের উদ্বেগ কমিয়ে শ্রেণিকক্ষে ফিরিয়ে আনা।

শহর কর্তৃপক্ষ বলেছে, শিশুরা স্কুলে তাদের প্রতিনিধিত্বকারী রোবটগুলোকে ডিভাইসের মাধ্যমে বাসা থেকেই ব্যবহার করতে পারবে। এর সাহায্যে তারা শ্রেণিকক্ষে অংশ নিয়ে সহপাঠীদের সঙ্গে আলোচনা করতে পারবে।

আরও পড়ুন: [উড়োজাহাজে সেলফোন এয়ারপ্লেন মোডে রাখার কারণ](#)

দেশটির সরকারি তদন্তে জানা গেছে, অন্যান্য দেশের মতো জাপানে করোনা মহামারির পরে স্কুলে না যাওয়া শিক্ষার্থীর সংখ্যা বেড়ে গেছে। শ্রেণিকক্ষে শিশুদের ধমক দেওয়া বা অপদস্থ করা এর কারণ হিসেবে বলা হচ্ছে।

প্রতিবেদনে বলা হয়েছে, এক মিটার লম্বা রোবটগুলো স্বয়ংক্রিয় হবে। শিক্ষার্থীরা বাসা থেকেই নিজেদের প্রতিনিধিত্ব করা রোবটের মাধ্যমে নানা অনুষ্ঠানে অংশ নিতে পারবে।

-B